

স্মারক নম্বর-২৪৫

তারিখঃ ০৫/০৫/২০২২ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ মে ২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকার সময় কালিহাতি উপজেলা পরিষদের 'পল্লী উন্নয়ন ও সমবায়' সম্পর্কিত উপজেলা কমিটির সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব রিনা পারভীন এর সভাপতিত্বে অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


আলোচ্য সূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ।
- ২। ঋণ কার্যক্রমের সার্বিক অবস্থা নিয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

প্রাপক

.....
.....

কালিহাতি, টাঙ্গাইল।



(রুবেল মিয়া)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস নথি।

পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ : ১২/০৫/২০২২ ইং
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি এর অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ : পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অধ্যকার সভার কার্যক্রম শুরু করেন।

১। জনাব মো: আজাদ হোসেন, চেয়ারম্যান, পাইকড়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, গ্রাম গঞ্জে বিভিন্ন জায়গায় কিছু লোকজন নামে বেনামে নিবন্ধন বিহীন এনজিও গড়ে তোলছেন। গ্রামের সহজ সরল লোকদের নানাভাবে বুঝিয়ে উক্ত এনজিওতে টাকা গচ্ছিত রাখতে উৎসাহ দিচ্ছেন। কিন্তু অতীতে এসব এনজিও গুলো টাকা আত্মসাতের বহু ঘটনা ঘটেছে। তাই এসব নিবন্ধনবিহীন এনজিওকে নিবন্ধনের আওতায় আনার জন্য সভায় প্রস্তাব করেন।

২। জনাব মো. সিরাজুল ইসলাম, চেয়ারম্যান, দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, এখনো অনেক নিবন্ধনবিহীন এনজিও রয়েছে। যারা গ্রামের সহজ সরল লোকদের নিকট থেকে সঞ্চয়ের নামে অনেক টাকা আত্মসাত করে আসছে। তাই জরুরী ভিত্তিতে নিবন্ধনবিহীন এনজিওগুলোকে নিবন্ধনের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।

৩। জনাব মো: ছোহরাব আলী, চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, উপজেলা সমবায় অফিসের মাধ্যমে বিভিন্ন সমিতির নিবন্ধন করা হয়। ক্যাটাগরি ভিত্তিক সমিতির লোকজনকে ঋণ বিতরণের পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারলে ঋণের টাকার সঠিক ব্যবহার হতো। আদায়ের হার শতভাগ করা সম্ভব হতো। তাছাড়া প্রকৃত সমিতিকে নিবন্ধন করার প্রস্তাব করেন।

সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, সঠিক ব্যক্তি নির্বাচনপূর্বক ঋণ বিতরণ করা সহ সঠিক সমিতিকে নিবন্ধনের আওতায় আনার তাগিদ প্রদান করেন। ঋণ গ্রহীতাগণ ঋণের টাকার সঠিক ব্যবহার যাতে করতে পারে সে লক্ষ্যে নিয়মিত তাদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্তসমূহ :

- ১। উপজেলা সমবায় অফিসের মাধ্যমে সঠিক এনজিওগুলোকে নিবন্ধনের আওতায় আনার সিদ্ধান্ত গ্রহণ।
- ২। নিবন্ধনবিহীন এনজিওগুলোর বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহণ।

অধ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রিনা পারভীন
১২/০৫/২০২২

(রিনা পারভীন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও


সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ২৫৬

তারিখঃ ১৬/০৫/২০২২ ইং

অনুলিপি:

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৫। অফিস নথি।



উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।